# এইসএস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** বিষয় কোড: ১ ০ ১

**সৃজনশীল প্রশ্ন**

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে দু'টি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো একটি উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ —— গদ্য

**১.** ▶অত্যাচারী স্বামী অসীমের নির্মম নির্যাতনের শিকার বকুল। বাবা-মা নেই, ফুপুর কাছে মানুষ হয়েছে সে। ফুপু বকুলের কষ্ট সহ্য করতে না পেরে তাকে বাড়ি নিয়ে আসে। বকুলের পৈতৃক ভিটে আর সামান্য কিছু জমি আছে। সেই লোভে অসীম তাকে ফিরিয়ে নিতে আসে। কিন্তু বকুলের ফুপু তাকে যেতে দেয় না।

**ক.** অনুপমের মামা কল্যাণীকে কি দিয়ে আশীর্বাদ করে? ১

**খ.** 'সুতরাং, তারাই পশ্চাতে লক্ষ্মীর ঘটটি-একবারে উপুড় করিয়া দিতে দ্বিধা হইবে না'— কেন? ২

**গ.** উদ্দীপকের সাথে 'অপরিচিতা' গল্পের বৈসাদৃশ্য কোথায়? বুঝিয়ে বলো? ৩

**ঘ.** বর্তমান সমাজ বাস্তবতা উদ্দীপকের বকুল ও অপরিচতিা গল্পের কল্যাণীর সংকট দুই ভিন্ন মোড়কে আচ্ছাদিত— আলোচনা কর। ৪

**২.** ▶পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও।
তার মতো সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও।
নাই কিরে সুখ নাই কিরে সুখ?
এ ধরা কি শুধু বিষাদময়?
পরের কারণে মরণেও সুখ
সুখ সুখ করে কেঁদো না আর।

**ক.** স্থূলবুদ্ধির মানুষের দেবতা কে? ১

**খ.** 'প্রকৃতির যে ধর্ম মানুষের সে ধর্ম'— এখানে কোন ধর্মের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

**গ.** উদ্দীপকের সাথে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের মূলভাব কতখানি সমার্থক? বুঝিয়ে লেখ? ৩

**ঘ.** 'বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়— প্রশান্তিরও ইঙ্গিত'— উদ্দীপকের

Teachingbd.com

আলোকে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের উক্তিটি কতটা যৌক্তিক সে বিষয়ে তোমার মতামত দাও। ৪

৩. ▶ বিজয়নগর এলাকায় গুণী-মানী ব্যক্তি ফরিদ হঠাৎ করেই নিজের ব্যক্তিত্ব জলাঞ্জলি দিয়ে গ্রামের সাধারণ মানুষের বিরাট এক ক্ষতি করে বসল। পার্শ্ববর্তী গ্রামের লোকদের সাথে যোগ দিয়ে নিজ গ্রামবাসীদের মারধর মালামাল লুটপাটসহ জঘন্য কাজে অংশ নিল। ফরিদের মতো স্বার্থপর মানুষের জন্যই গ্রাম তথা দেশ অন্যদের দখলে।

ক. নুরুল হুদা কোন বিষয়ের প্রভাষক? ১

খ. প্রিন্সিপাল কেন দিনরাত দোয়া দরুদ পড়ে? ২

গ. উদ্দীপকের ফরিদ যেন 'রেইনকোট' গল্পের প্রিন্সিপালের প্রতিনিধিত্ব করে— বিশ্লেষণ কর। ৩

ঘ. 'কিছু বেঈমান এবং স্বার্থপর মানুষের জন্যই দেশের স্বাধীনতা সূর্য আজ অস্তমিত'— মন্তব্যটির যৌক্তিকতা নিরূপণ কর। ৪

## খ অংশ — কবিতা

৪. ▶ জান না কি জীব তুমি, জননী জন্মভূমি,
সে তোমায় হৃদয়ে রেখেছে।
থাকিয়া মায়ের কোলে, সন্তানে জননী ভোলে,
কে কোথায় এমন দেখেছে!!
মিছা মনি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম,
তার চেয়ে রত্ন নাই আর।

ক. অরিন্দম কে? ১

খ. 'জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি-এ সকলে দিলা জলাঞ্জলি'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে 'বিভীষণের প্রতি মেঘনাদ' —কবিতার সাদৃশ্য আলোচা কর। ৩

ঘ. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মেঘনাদের হৃদয়ের আর্তিই উদ্দীপকে প্রতিধ্বনিত হয়েছে— আলোচনা কর। ৪

Teachingbd.com

৫. ▶ দেখিনু সেদিন রেলে, কুলি বলে এক বাবুসাব ঠেলে দিল নিচে ফেলে। চোখ ফেটে এল জল, এমনি করে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল?

ক. 'সাম্যবাদী' কবিতায় কন্দর অর্থ কী? ১

খ. তোমার হৃদয় বিশ্ব-দেউল সকলের দেবতার— উক্তিটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের ভাবার্থ 'সাম্যবাদী' কবিতায় কতটুকু প্রতিফলিত হয়েছে বিচার কর। ৩

ঘ. 'এমনি করে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল?' মন্তব্যের আলোকে সাম্যবাদী কবিতায় কবির যে মনোভাব ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৪

৬. ▶ ধন ধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।

ক. নাটা অর্থ কী? ১

খ. কবি কেন বাংলার প্রকৃতির বন্দনা করেছেন? ২

গ. উদ্দীপকে জন্মভূমি সম্পর্কিত অনুভূতির সাথে 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার কবির অনুভূতির তুলনামূলক আলোচনা কর। ৩

ঘ. 'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি'— উক্তিটির যথার্থতা 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার প্রেক্ষাপটে আলোচনা কর। ৪

## গ অংশ ---- উপন্যাস ও নাটক

৭. ▶ আমজাদ অত্যন্ত ধূর্ত প্রকৃতির লোক। গ্রামরে সাধারণ অশিক্ষিত দরিদ্র মানুষগুলোর কুসংস্কার ও ধর্ম বিশ্বাসকে পুঁজি করে তার ধর্ম ব্যবসা প্রসার লাভ করে। সারা বছর গ্রামের লোকেরা অভাব দূরীকরণ, সন্তান লাভ, রোগ মুক্তি ইত্যাদির আশায় তার কাছে আসে। সাথে আনে টাকা-পয়সা এবং বিভিন্ন দ্রব্য সামগ্রী। আমজাদ তাদের পানি পড়া, তাবিজ দেয়। এভাবে সাধারণ মানুষের সরলতার সুযোগ নিয়ে আমজাদ হয়ে ওঠে সম্পদশালী।

ক. মহব্বত নগরের মাজারটির নাম কী? ১

http://teachingbd.com

খ. 'দুনিয়ায় সচ্ছলভাবে দু-বেলা খেয়ে বাঁচার জন্য যে খেলা খেলতে যাচ্ছে সে খেলা সাংঘাতিক' কেন? ২

গ. উদ্দীপকের স্বার্থে 'লালসালু' উপন্যাসের মিল কোথায়? বুঝিয়ে লেখ? ৩

ঘ. 'আমজাদ অত্যন্ত ধূর্ত প্রকৃতির লোক' উক্তটির আলোকে লালসালু উপন্যাসের মজিদ চরিত্রের আলোচনা কর। ৪

৮. ▶ 'হাজার বছর ধরে' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র টুনি। তেরো বছর বয়সে টুনির বিয়ে হয় বাবার বয়সী মকবুলের সাথে। সংসারের সব কাজ করলেও সে মন থেকে মকবুলকে কখনও স্বামী হিসেবে মেনে নিতে পারেনি। তাই দুই সতীনের সাথে কোন প্রকার রেষারেষি না থাকলেও অল্প বয়সী টুনি কখনও মবকুলের সংসারে মন বসাতে পারেনি।

ক. কার জন্য জমিলার প্রাণ কাঁদে? ১

খ. মজিদ জমিলাকে হ্যাঁচকা টান মেরে বসিয়ে দেয় কেন? ২

গ. উদ্দীপকের টুনির সাথে 'লালসালু' উন্যাসের জমিলা চরিত্রের সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখাও। ৩

ঘ. 'হাজার বছর ধরে' উপন্যাসের টুনি ও 'লালসালু' উপন্যাসের জমিলা একই সূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

৯. ▶ 'ওরা গুলি ছোড়ে এদেশের প্রাণে, দেশের দাবিতে রোখে, ওদের ঘৃণা পদাঘাত, এ বাংলার বুকে।

ওরা এদেশের নয়

দেশের ভাগ্য ওরা করে বিক্রয়।'

ক. কার অনুমতি পেলে ইংরেজরা জঙ্গল কেটে হাট বসাবে? ১

খ. রাইসুল জুহালাকে জবরদস্ত শিল্পী বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যে দিকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে সাদৃশ্যপূর্ণ আলোচনা কর। ৩

ঘ. 'দেশের ভাগ্য ওরা করে বিক্রয়'— মন্তব্যটি 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৪০ মিনিট পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'আমার পথ' প্রবন্ধে উল্লেখিত পরালম্বন আমাদের কী করে?
ক আত্মোপলব্ধি করে খ স্বয়ংসম্পূর্ণ করে
গ দৈবশক্তি সম্পন্ন করে ঘ নিষ্ক্রিয় করে

২. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কী প্রাধান্য পেয়েছে?
ক বসন্ত-বন্দনা
খ প্রকৃতি ও মানবমনের সম্পর্ক
গ কবির প্রিয়জনের স্মৃতি
ঘ শীতের রিক্ততার বেদনা

৩. 'সিরাজউদ্দৌলা' নাটকে মোহাম্মাদী বেগ কত টাকার বিনিময়ে কারাগারে সিরাজউদ্দৌলাকে হত্যা করে?
ক ৫ হাজার খ ৮ হাজার
গ ১০ হাজার ঘ ১৫ হাজার

৪. গণমানবের কবি কে?
ক সুকান্ত ভট্টাচার্য খ আলমাহমুদ
গ সৈয়দ শামসুল হক ঘ দিলওয়ার

৫. পল্লি গ্রামে সুশিক্ষা বিস্তারের চেষ্টা হওয়া চাই উক্তিটি কে করেছেন?
ক সুফিয়া কামাল
খ রোকেয়া সাখাওয়াত হোসেন
গ জসীমউদ্দিন ঘ শামসুর রহমান

৬. 'অপরিচিতা' গল্পে কল্যাণীর মধ্যে পাওয়া যায়-
i. গতি সহজ ii. দীপ্তি নির্মল
iii. শুচিশুভ্র সৌন্দর্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. মহাজাগতিক কিউরেটর তুমি কি সত্যিই বিশ্বাস কর মানুষ এই গ্রহের শ্রেষ্ঠ প্রাণী বাক্যে কোনটি প্রকাশ পেয়েছে?
ক সন্দেহ খ সংশয় গ আশঙ্কা ঘ হতাশা

নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও
কিশোর তোমার দুই
হাতের তালুতে আকুল সূর্যোদয়
রক্তশোভিত মুখমন্ডলে চমকায় পরাভয়

৮. উদ্দীপকের শেষ চরণটির সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার কোন চরণের মর্মার্থ সাদৃশ্যপূর্ণ?
ক এ বয়স জানে রক্তদানের পূণ্য
খ এ দেশের বুকে আঠারো আসুক
গ এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়
ঘ এ বয়সে প্রাণ তীব্র আর প্রখর

৯. উদ্দীপকের সঙ্গে আঠারো বছর বয়স কবিতার মিল আছে কিসে?
ক ভাবে খ ভাষায়
গ ছন্দে ঘ উপপমায়

১০. ঐকতান কবিতায় কবির মতে কৃষক, জেলে, তাতির উপর ভর দিয়ে কে টিকে আছে?
ক সমস্ত কর্মভাব খ সমস্ত সংসার
গ সমস্ত সুর ঘ সমস্ত পৃথিবী

১১. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে উল্লেখিত এদের স্থানে এনে দিতে হবে বড় মানুষ। এখানে বড় মানুষ বলতে বুঝায়—
i. সূক্ষ্মবুদ্ধিসম্পন্ন ii. ধনী লোক
iii. মহৎ ব্যক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. 'বিড়াল' রচনায় মার্জারী কমলাকান্তকে কেন ভয় পেল না?
ক ভয় নেই তাই খ লাঠি ছিল বলে
গ আফিম খেয়েছে বলে ঘ তার স্বভাব জানে বলে

নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও
আশি বছরের করিমন বিবি এ বাড়ি সে বাড়ি করে দুবেলা দুমুঠো খাবার যোগায়। প্রায়ই দেখি একটা লাঠি নিয়ে সামনের দিকে ঝুকে পড়ে চলছে ভিক্ষা করতে।

১৩. উদ্দীপকের করিমন বিবির সাথে 'আহ্বান' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
ক হাজরা ব্যাটার বউ খ ঘুটি গোয়ালিনীর
গ বুড়ির ঘ দিগম্বরীর

১৪. এ কড়ি সে কড়ি করে বাক্যে কি প্রকাশ পেয়েছে?
i. জীবিকার উপায় ii. দারিদ্রতা
iii. অসহায়ত্ব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. 'সাম্যবাদী' কবিতায় কবি এই হৃদয়কে কোন স্থানের সাথে তুলনা করেছেন?
ক নীলাচল খ জেরুজালেম
গ পারস্য ঘ পাহাড়গুহা

১৬. এই পৃথিবীতে এক স্থান আছে কবিতায় বাংলাদেশ কেমন বলে কবি অভিহিত করেছেন?
ক প্রকৃতির আধার খ সুন্দর করুণ
গ আজস্য ফুলের দেশ
ঘ নদীর মোহনা ধারা সমৃদ্ধ

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও
ভারতবর্ষে অহিংস আন্দোলনের অন্যতম অবিসংবাদিত নেতা মাহাত্মা গান্ধি শূদ্রের হাতে জলপান করে জাতিভেদকে অতিক্রম করেন।

১৭. উদ্দীপকের সাথে 'সেই অস্ত্র' কবিতার সংগতিপূর্ণ চরণ কোনটি?
ক লক্ষ লক্ষ মানুষকে করবোনা পঙ্গু-বিকৃত
খ এবং জাত্যাভিমান করে বারবার পরাজিত
গ যে অস্ত্র আধিপত্যের লোভকে করে নিশ্চিহ্ন
ঘ যে অস্ত্র মানুষকে বিচ্ছিন্ন করে না।

১৮. উদ্দীপকের মাহাত্মা গান্ধিজী ও 'সেই অস্ত্র' কবিতার কবি আহসান হাবিবের মধ্যকার কোন ভাবনার একাত্মতা লক্ষ করা যায়?
ক মানুষকে মূল্যায়ন খ অন্যায়ের প্রতিবাদ
গ অহিংসা ও মানব প্রেম ঘ বৈষম্যদূর করা

১৯. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটিতে কবি বলেছেন-
i. কিংবদন্তির কথা ii. পূর্বপুরুষের কথা
iii. স্বপ্নের কথা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. 'নূরলদিনের কথা মনে পড়ে' যায় কবিতায় কবি কি প্রকাশ করতে চেয়েছেন?
ক স্বাধীনতা বিরোধী খ মৌরবাদ বিরোধী
গ সমাজ্যবাদ বিরোধী ঘ উগ্রবাদবিরোধী সংগ্রাম

২১. 'লালসালু' উপন্যাসে সিন্ধধানের ভাপের শব্দটিকে কীসের সাথে তুলনা করা হয়েছে?
ক স্বাধীনতা বিরোধী
খ সংগ্রামী চেতনার জাগরণ
গ সাম্রাজ্যবাদ বিরোধী ঘ উগ্রবাদবিরোধী সংগ্রাম

Teachingbd.com

২২. বায়ান্নর দিনগুলো রচনায় উল্লেখিত বঙ্গবন্ধু শত সহস্র সাপের শিষের সাথে শেখ মুজিবুর রহমান জেলখানায় অনশনের সময় কিসের রস দিয়ে লবণ পানি খেয়েছিলেন?
ক) কমলার খ) লেবুর
গ) আপেলের ঘ) আমের

২৩. সিরাজউদ্দৌলা নাটকে ইংরেজরা কলকাতা দুর্গ সংস্কার করার ক্ষেত্রে যে যুক্তি দেখায় তা হলো–
i. ফরাসি ডাকাতদের হাত থেকে রক্ষা পাওয়া
ii. নিজেদের আত্মরক্ষা করা
iii. অশান্তি পছন্দ না করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. 'লালসালু' উপন্যাসের আউয়ালপুরে পীর সাহেবকে বাতাস করার ঝালরওয়ালা পাখাটি দেখতে কেমন?
ক) দ্বিতীয়ার চাঁদের মতো খ) কৃষ্ণপক্ষের চাঁদের মতো
গ) হাতির কানের মতো ঘ) মাছের পিঠের মতো

২৫. 'নেকলেস' গল্পে কোন মাছের উল্লেখ আছে?
ক) শ্রামল খ) ইলিশ
গ) রোহিত ঘ) রূপচান্দা

২৬. 'সিরাজউদ্দৌলা' নাটকে উল্লেখিত পলাশী যুদ্ধে নবাবের সৈন্য সংখ্যা কত?
ক) পঁয়ত্রিশ হাজার খ) চল্লিশ হাজার
গ) পঁয়তাল্লিশ হাজার ঘ) পঞ্চাশ হাজার

২৭. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় হৃদয়ের হরিৎ উপত্যকা দ্বারা কী বোঝানো হয়েছে?
ক) রাজপথকে খ) পূর্ব বাংলাকে
গ) বধ্যভূমি
ঘ) হৃদয়ের শ্যামল উপত্যকাকে

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও**

বাংলার সবুজ প্রকৃতি মুগ্ধ করে অপরাজিতাকে। সারাদিন বনে জঙ্গলে ঘুরে বেড়িয়ে তার আনন্দ। কখনো কখনো তার মনে হয় সে নিজেই সবুজ ঘাস হয়ে বাতাসে দোল খাচ্ছে।

২৮. উদ্দীপকের অপরাজিতা 'লোক লোকান্তর' কবিতার কোন বিষয়টিকে মনে করিয়ে দেয়?
ক) প্রকৃতির চেতনায় খ) কাব্য চেতনায়
গ) স্বদেশ চেতনায় ঘ) ভাষা চেতনায়

২৯. উদ্দীপকের অপরাজিতার ঘাস হয়ে উঠা লোক লোকান্তর কবিতায় কোন বিষয়টিকে মনে করিয়ে দেয়?
ক) বন্য পানলতার বাতাসে দোলা
খ) আহত কবির বেদনা
গ) চেতনাকে পাখি মনে হওয়া
ঘ) আহত কবির গান

৩০. সরকার বাবুর সঙ্গে মাসি পিসির ঝগড়া হয়েছে কি নিয়ে?
ক) আহ্লাদির বর নিয়ে খ) তরকারী বিক্রি নিয়ে
গ) বাজারে জায়গা দখল নিয়ে
ঘ) বাজারের তোলা নিয়ে

৩১. লালসালু উপন্যাসের রহিমার চারিত্রিক বৈশিষ্ট্য হলো—
i. সে ঠাণ্ডা মানুষ ii. ভীতু মানুষ
iii. দশ কথায় রা নেই
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?- এখানে চণ্ডাল বলতে কাকে বুঝানো হয়েছে?
ক) রবিনকে খ) লক্ষ্মণকে
গ) বিভীষণকে ঘ) মেঘনাদকে

৩৩. জাদুঘরে নীল জাল দেওয়া মস্তবড় কড়াইয়ের সঙ্গে কি জড়িয়ে আছে?
ক) অভিজ্ঞতা খ) হতাশা
গ) আনন্দের স্মৃতি ঘ) অশ্রুবিন্দু

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও**

আগুনের পরশমনি হুমায়ুন আহমেদের বিখ্যাত উপন্যাস। এই উপন্যাসে বদি নামে এক মুক্তিযোদ্ধা কমান্ডার ঢাকা শহরকে মুক্ত করার জন্য গেরিলা বাহিনী গঠন করে। তার প্রত্যাশা ছিল দেশ যেন তাড়াতাড়ি শত্রুমুক্ত হয়।

৩৪. উদ্দীপকের মনোভাবটি 'রেইনকোট' গল্পের যে দিকটি উন্মোচিত করেছে-
i. চেতনা ii. আশা
iii. প্রতীক্ষা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. উদ্দীপকের বদির সাথে 'রেইনকোট' গল্পের নুরুল হুদার শ্যালকের কোথায় সাদৃশ্য রয়েছে?
ক) সাহসিকতায় খ) আস্থাশীলতায়
গ) দেশপ্রেমে ঘ) সৃজনশীলতায়

৩৬. এসেছে শয়তান ধাওয়া করেছে আমার পিছু?- কে কাকে উক্তিটি করেছে?
ক) লুৎফা, মিরজাফরকে
খ) ইংরেজ রমণী মিরনকে
গ) নবাব, মির জাফরকে
ঘ) ঘষেটি বেগম, নবাবকে

৩৭. লালসালু উপন্যাসে খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর ভাইয়ের নাম কি?
ক) ধলা মিয়া খ) কালু মিয়া
গ) হাসু মিয়া ঘ) রহিম মিয়া

৩৮. 'নূরুল দিনের কথা মনে পড়ে যায়' কবিতায় নূরুল দিন আবার কবে এ বাংলার মানুষকে জেগে ওঠার ডাক দিবেন?
ক) চাঁদ-পূর্ণিমার খ) কাল পূর্ণিমায়
গ) আমাবস্যায় ঘ) বিধ্বস্ত বাংলার

৩৯. 'লালসালু' উপন্যাসে "চুপকর ছ্যামড়া, বেত্তমিজের মতো কথা কইস না।"— উক্তিটি কার?
ক) মজিদের খ) দুদুমিয়ার
গ) মোদাব্বের মিয়ার ঘ) খালেক ব্যাপারীর

৪০. "তা বলে বাঙ্গালী কাপুরুষ নয়"— 'সিরাজউদ্দৌলা' নাটকে ওয়ালী খানের এ উক্তিতে বাঙালির বৈশিষ্ট্যে প্রকাশ পায়—
i. বীরত্ব ii. সাহসিকতা
iii. দেশ চেতনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com